# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪২৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ একজন ব্যক্তির জন্য মুস্তাহাব হলো বাবা নির্দেশ দিলে স্ত্রীকে তালাক দেওয়া, যদি এতে তার দ্বীনের ক্ষতি না হয় বা রক্ত সম্পর্ক ছিন্ন করা না হয়

ذِكْرُ اسْتِحْبَابِ طَلَاقِ الْمَرْءِ امْرَأَتَهُ بِأَمْرِ أَبِيهِ إِذَا لَمْ يُفْسِدْ ذَلِكَ عَلَيْهِ دِينَهُ وَلَا كَانَ فِيهِ قَطِيعَةُ رَحِمٍ

---

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ حَدَّثَنَا الْمُقَدَّمِيُّ قَالَ حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ وعمر بن علي عن بن أَبِي ذِئْبٍ عَنْ خَالِهِ الْحَارِثِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ حَمْزَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ قَالَ: تَزَوَّجَ أَبِي امْرَأَةً وَكَرِهَهَا عُمَرُ فَأَمَرَهُ بِطَلَاقِهَا فَذَكَرَ ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ "أطع أباك."

الراوي : حَمْزَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني |

المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 426 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৪২৬. হামযা বিন আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: “আমার বাবা এক নারীকে বিবাহ করেন। কিন্তু উমার রাদ্বিয়াল্লাহু আনহু তাকে অপছন্দ করেন। ফলে তাকে তালাক দেওয়ার নির্দেশ দেন। অতঃপর তিনি ব্যাপারটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তুমি তোমার বাবাকে মেনে চলো।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২০; আবু দাউদ: ৫১৩৮; ইবনু মাজাহ: ২০৮৮; আত তায়ালিসী: ১৮২২; সুনান বাইহাকী: ৭/৩২২; তিরমিযী: ১১৮৯; হাকিম: ২/১৯৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আস সহীহাহ: ৯১৯।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হামযা বিন আব্দুল্লাহ বিন উমার (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88890

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন